রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ৫, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২০ শ্রাবণ ১৪১০ বাং/৪ আগস্ট ২০০৩ ইং

এস, আর, ও নং ২৩৯-আইন/২০০৩—বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্ট আইন, ২০০০ (২০০০ সনের ৩৮ নং আইন) এর ধারা ১৭ তে প্রদত্ত ক্ষমতাবলে বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্ট, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।—এই প্রবিধানমালা বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্ট প্রবিধানমালা, ২০০৩ নামে অভিহিত হইবে।

(ক) ইহা ১লা জুলাই ২০০৩ ইং তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। সংজ্ঞা।— বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) "আইন" অর্থ বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্ট আইন, ২০০০ (২০০০ সনের ৩৮ নং আইন);

(খ) "কোষাধ্যক্ষ" অর্থ বোর্ডের কোষাধ্যক্ষ;

(গ) "চেয়ারম্যান" অর্থ বোর্ডের চেয়ারম্যান;


মূল্য ঃ টাকা ৩.০০

(ঘ) "ফরম" অর্থ এই প্রবিধানমালার কোন ফরম;

(ঙ) "বোর্ড" অর্থ আইনের ধারা ৬ এর অধীন গঠিত বোর্ড;

(চ) "ভাইস-চেয়ারম্যান" অর্থ বোর্ডের ভাইস-চেয়ারম্যান;

(ছ) "শিক্ষক" অর্থ আইনের ধারা ২(চ) তে সংজ্ঞায়িত বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বা শিক্ষিকা;

(জ) "সদস্য-সচিব" অর্থ বোর্ডের সদস্য-সচিব।

৩। **সদস্য-সচিবের কার্যাবলী।**—সদস্য সচিব চেয়ারম্যানের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবেন, যথা ঃ—

(ক) প্রত্যেক বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট হইতে উক্ত বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষকগণের চাকুরী সম্পর্কিত তথ্য সংগ্রহকরণ;

(খ) বোর্ডের সভার কার্যবিবরণী লিপিবদ্ধকরণ ও সিদ্ধান্তসমূহ কার্যকর করার ব্যবস্থা গ্রহণ;

(গ) ট্রাস্টের যাবতীয় সম্পত্তি তত্ত্বাবধান, রেকর্ডপত্র সংরক্ষণ এবং উহার সকল কর্মকান্ডের সমন্বয় সাধন;

(ঘ) বোর্ডের সভার বিজ্ঞপ্তি প্রদান;

(ঙ) শিক্ষকগণের আর্থিক সুবিধা ও সাহায্য সংক্রান্ত হিসাব প্রস্তুতকরণ এবং উহা পরিশোধের ব্যবস্থা গ্রহণ;

(চ) শিক্ষকগণের প্রথম চাকুরীতে যোগদানের তারিখ ও অবসর গ্রহণের তারিখসহ তাহাদের তালিকা প্রণয়ন এবং উহার যথাযথ সংরক্ষণ; এবং

(ছ) চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত অন্যান্য কার্যাবলী।

৪। **সদস্যগণের সম্মানী ও যাতায়াত ভাতা।**—(১) বোর্ডের সভায় উপস্থিত হওয়ার জন্য সদস্যগণ বোর্ড কর্তৃক নির্ধারিত হারে সম্মানী ভাতা পাইবেন।

(২) বোর্ডের সভায় উপস্থিত হওয়ার জন্য ট্রাস্টের সদর দপ্তরের বাহির হইতে ভ্রমণের জন্য সদস্যগণ বোর্ড কর্তৃক নির্ধারিত ভ্রমণ ভাতা প্রাপ্য হইবেন।

(৩) বোর্ডের আদেশক্রমে ট্রাস্টের কোন কাজে কোন সদস্য তাহার কর্মস্থলে বাহিরে ভ্রমণ করিলে তজ্জন্য তিনি বোর্ড কর্তৃক নির্ধারিত ভাতা প্রাপ্য হইবেন।

৫। চাঁদা আদায় ও জমাদান পদ্ধতি।—(১) প্রত্যেক বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক উক্ত বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত সকল শিক্ষকের চাকুরী সংক্রান্ত তথ্য বোর্ডের নিকট তৎকর্তৃক নির্ধারিত ছকে এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করিবেন।

(২) প্রত্যেক বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের মাসিক বেতন ও ভাতার সরকারী অংশ হইতে সরকার প্রতিমাসে উক্ত অংশের ২% হারে চাঁদা কর্তন করিবে এবং উক্ত কর্তনকৃত অর্থ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে ট্রাস্টের নামে বোর্ডের নিকট প্রেরণ করিবে।

৬। তহবিল ব্যবস্থাপনা।—(১) ট্রাস্টের তহবিলের দুইটি অংশ থাকিবে, যথা ঃ—

(ক) মূলধন তহবিল ; এবং

(খ) সাধারণ তহবিল।

(২) মূলধন তহবিল হইতে অর্জিত আয় সাধারণ তহবিলে জমা হইবে।

(৩) ট্রাস্টের দৈনন্দিন ব্যয় নির্বাহের জন্য অনধিক পাঁচ হাজার টাকা বোর্ডের সদস্য-সচিবের নিকট নগদ রাখা যাইবে।

(৪) ট্রাস্টের যাবতীয় ব্যয়ের ভাউচারে সদস্য-সচিবের অনুমোদন থাকিতে হইবে।

(৫) ট্রাস্টের যাবতীয় ব্যয়ের হিসাব বোর্ডের সভায় অনুমোদিত হইতে হইবে।

৭। ট্রাস্টের তহবিল হইতে শিক্ষকগণকে প্রদেয় আর্থিক সুবিধাসমূহ।—(১) কোন শিক্ষক চাকুরী হইতে অবসর গ্রহণ করিলে তিনি যত বৎসর চাকুরী করিয়াছেন তত মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ, এককালীন প্রাপ্য হইবেন।

(২) কোন শিক্ষক চাকুরীকালীন সময়ে মৃত্যুবরণ করিলে তিনি যত বৎসর চাকুরী করিয়াছেন তত মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ তাহার পরিবার প্রাপ্য হইবে।

ব্যাখ্যা ঃ এই প্রবিধানের উদ্দেশ্যে, "পরিবার" বলিতে আইনের ধারা ২ এর দফা 'খ' এ যে সংজ্ঞা দেওয়া হইয়াছে তাহা প্রযোজ্য হইবে।

(৩) কোন বেসরকারী প্রাথমিক বিদ্যালয় হইতে চাকুরীচ্যুত শিক্ষকগণ কেবলমাত্র ট্রাস্ট-তহবিলের চাঁদা হিসাবে তাহাদের বেতন হইতে কর্তনকৃত অর্থ ব্যাংকে সঞ্চিত মুনাফাসহ ফেরত পাইবেন।

(৪) কোন বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের চাকুরী হইতে পদত্যাগকারী কোন শিক্ষক তাহার পদত্যাগের তারিখ পর্যন্ত যত বৎসর চাকুরী করিয়াছেন তত মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্য হইবেন।

(৫) এই প্রবিধানের উদ্দেশ্যে, বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে কোন শিক্ষকের চাকুরীতে বিরতি থাকিলে, উক্ত বিরতিকাল ব্যতিরেকে তাহার চাকুরীকাল গণনা করা হইবে।

(৬) কোন শিক্ষক চাকুরীকালীন সময়ে দুর্ঘটনায় গুরুতরভাবে আহত হইলে, অথবা কোন দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হইলে, তাহাকে অনধিক দুই মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ তাঁহার চিকিৎসার জন্য প্রদান করা হইবে।

(৭) শিক্ষকগণের স্ত্রী/স্বামী এবং মেধাবী ছেলেমেয়েরা শিক্ষার জন্য এককালীন আর্থিক সাহায্য হিসাবে এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্য হইবেন।

৮। **আবেদনপত্রের ফরম।**—

(ক) প্রবিধান ৭ এর উপ-প্রবিধান (১), (৩) ও (৪) এর অধীন শিক্ষকগণকে উক্ত উপ-প্রবিধানমালার অধীনে অর্থ প্রাপ্তির জন্য ফরম 'ক' তে আবেদন করিতে হইবে।

(খ) প্রবিধান ৭ এর উপ-প্রবিধান (২) এর অধীন অর্থ প্রাপ্তির জন্য কোন শিক্ষকের পরিবারের যে কোন সদস্যকে অন্যান্য সদস্য কর্তৃক ক্ষমতা প্রাপ্ত হইয়া ফরম 'খ' তে আবেদন করিতে হইবে।

(গ) প্রবিধান ৭ এর উপ-প্রবিধান (৬) ও (৭) এর অধীন শিক্ষকগণকে উক্ত উপ-প্রবিধানমালার অধীনে অর্থ প্রাপ্তির জন্য ফরম 'গ' তে আবেদন করিতে হইবে।

(ঘ) যেই বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে আবেদনকারী শিক্ষক কর্মরত আছেন, অথবা ক্ষেত্রমত সর্বশেষ চাকুরীতে নিয়োজিত ছিলেন, তিনি সেই বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের মাধ্যমে আবেদনপত্র দাখিল করিবেন এবং এই মর্মে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসারের প্রত্যয়ন পত্র থাকিতে হইবে।

বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্ট

ফরম 'ক'

প্রবিধান ৭(১), (৩), (৪) ও (৫) দ্রষ্টব্য

অবসর প্রাপ্ত/চাকুরীচ্যুত/পদত্যাগী শিক্ষকদের আর্থিক প্রাপ্যতার আবেদন পত্রের ফরম।

(১) শিক্ষকের নাম ঃ

(২) পিতা/স্বামীর নাম ঃ

(৩) জন্ম তারিখ ঃ

(৪) পদের নাম ঃ

(৫) বর্তমান ঠিকানা ঃ

(৬) স্থায়ী ঠিকানা ঃ

(৭) বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের নাম ও ঠিকানা ঃ

(৮) চাকুরীতে যোগদানের তারিখ ঃ

(৯) অবসর গ্রহণ/পদত্যাগ/চাকুরীচ্যুতকালে বেতনক্রম ও মূলবেতন ঃ

(১০) সর্বশেষ উত্তোলিত মোট বেতন ঃ

(১১) বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্টে সর্বশেষ চাঁদা প্রদানের তারিখ ঃ

(১২) অবসর গ্রহণ/পদত্যাগ/চাকুরীচ্যুতির তারিখ ঃ

(১৩) মোট চাকুরীকাল ঃ

আমি এতদ্বারা ঘোষণা করিতেছি যে, উল্লিখিত তথ্য সঠিক ও নির্ভূল এবং আমি কোন তথ্য গোপন করি নাই। যদি কোন তথ্য অসত্য বা ভুল বলিয়া প্রমাণিত হয় তাহা হইলে, আমি এই আবেদনপত্রের প্রেক্ষিতে প্রাপ্ত সমূদয় অর্থ বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্টকে ফেরত দিতে বাধ্য থাকিব।

আবেদনকারীর স্বাক্ষর

প্রত্যায়নপত্র ঃ বর্ণিত তথ্যাদি সঠিক বলিয়া প্রত্যায়ন করিতেছি।

শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর

প্রতি স্বাক্ষর
সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার
ট্রাস্টী বোর্ডের সিদ্ধান্ত।

বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্ট

ফরম 'খ'

প্রবিধান ৭(২) দ্রষ্টব্য

মৃত্যুবরণকারী শিক্ষকদের আর্থিক প্রাপ্যতার আবেদন পত্রের ফরম।

(১) শিক্ষকের নাম :

(২) মাতা/পিতা/স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) :

(৩) জন্ম তারিখ :

(৪) পদের নাম :

(৫) বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের নাম ও ঠিকানা :

(৬) বর্তমান ঠিকানা :

(৭) স্থায়ী ঠিকানা :

(৮) চাকুরীতে যোগদানের তারিখ :

(৯) মৃত্যুর সময় বেতনক্রম ও মূলবেতন :

(১০) মৃত্যুর তারিখ প্রমাণপত্র :

(১১) সর্বশেষ উত্তোলিত মোট বেতন :

(১২) বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্টে সর্বশেষ চাঁদা প্রদানের তারিখ :

(১৩) মোট চাকুরীকাল :

(১৪) আবেদনকারীর নাম ও সম্পর্ক :

(১৫) উত্তরাধিকারের প্রত্যয়নপত্র (সাকসেশন সার্টিফিকেট) :

আমি এতদ্বারা ঘোষণা করিতেছি যে, উল্লিখিত তথ্য সঠিক ও নির্ভুল এবং আমি কোন তথ্য গোপন করি নাই। যদি কোন তথ্য অসত্য বা ভুল বলিয়া প্রমাণিত হয় তাহা হইলে, আমি এই আবেদনপত্রের প্রেক্ষিতে প্রাপ্ত সমূদয় অর্থ বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্টকে ফেরত দিতে বাধ্য থাকিব।

আবেদনকারীর স্বাক্ষর

প্রত্যয়নপত্র : বর্ণিত তথ্যাদি সঠিক বলিয়া প্রত্যয়ন করিতেছি।

শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর

প্রতি স্বাক্ষর

সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার

ট্রাস্টী বোর্ডের সিদ্ধান্ত।

বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্ট

ফরম 'প'

প্রবিধান ৭(৬) ও (৭) দ্রষ্টব্য

দূর্ঘটনা/দুরারোগ্য ব্যাধির চিকিৎসা/শিক্ষার জন্য আর্থিক সাহায্যের নিমিত্তে শিক্ষকদের আর্থিক প্রাপ্যতার আবেদন পত্রের ফরম।

(১) শিক্ষকের নাম ঃ
(২) মাতা/পিতা/স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ
(৩) জন্ম তারিখ ঃ
(৪) পদের নাম ঃ
(৫) বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের নাম ও ঠিকানা ঃ
(৬) বর্তমান ঠিকানা ঃ
(৭) স্থায়ী ঠিকানা ঃ
(৮) চাকুরীতে যোগদানের তারিখ ঃ
(৯) দূর্ঘটনা/দূরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হইবার সময় বেতনক্রম ও মূলবেতন ঃ
(১০) মোট চাকুরীকাল ঃ
(১১) আবেদনের সময় বেতনক্রম ও মূল বেতন ঃ
(১২) বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্টে সর্বশেষ চাঁদা প্রদানের তারিখ ঃ
(১৩) দূর্ঘটনা/দুরারোগ্য ব্যাধির ধরণ ও চিকিৎসকের প্রত্যয়নপত্র ঃ
(১৪) শিক্ষার ধরণ ঃ
(১৫) প্রার্থিত আর্থিক সাহায্যের পরিমাণ ঃ

আমি এতদ্বারা ঘোষণা করিতেছি যে, উল্লিখিত তথ্য সঠিক ও নির্ভুল এবং আমি কোন তথ্য গোপন করি নাই। যদি কোন তথ্য অসত্য বা ভুল বলিয়া প্রমাণিত হয় তাহা হইলে, আমি এই আবেদনপত্রের প্রেক্ষিতে প্রাপ্ত সমুদয় অর্থ বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্টকে ফেরত দিতে বাধ্য থাকিব।

আবেদনকারীর স্বাক্ষর

প্রত্যয়নপত্র ঃ বর্ণিত তথ্যাদি সঠিক বলিয়া প্রত্যয়ন করিতেছি।

শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর

প্রতি স্বাক্ষর

সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার

ট্রাস্টী বোর্ডের সিদ্ধান্ত।

বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্টের আদেশক্রমে

অধ্যাপিকা (ডাঃ) তাহমিনা হোসেন
চেয়ারম্যান
বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাষ্ট
ও
সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।